302

দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC. 1 8 1999
পৃষ্ঠা 7 কলাম 8

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্রাজুয়েট সমিতি সমাবর্তন বর্জন করেছে

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্রাজুয়েট সমিতি আজকের সমাবর্তন বর্জন করেছে। এ উপলক্ষে গতকাল বিকেলে জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত রেজিস্টার্ড গ্রাজুয়েটদের এক সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বিতর্কিত ডক্টরেট ডিগ্রী প্রদানের প্রতিবাদে সমাবর্তন বর্জনের ঘোষণা দিয়ে বলা হয়,

৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## সমাবর্তন বর্জন

প্রথম পৃষ্ঠার পর

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ হাজার হাজার ডিগ্রীধারী ছাত্রছাত্রীর মতামতের কোন তোয়াক্কা না করে দেশের একজন স্বেচ্ছাচারী, অগণতান্ত্রিক, জাতীয় সার্বভৌমত্ব ক্ষুণ্নকারী, খুনী এবং হল দখলকারী ও ধর্ষণকারী সন্ত্রাসীদের প্রশ্রয়দানকারী প্রধানমন্ত্রীকে বিতর্কিত ডক্টরেট ডিগ্রী প্রদানের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের ইতিহাস-ঐতিহ্য, মান-মর্যাদা তথা গোটা জাতির সম্মান ভূলুণ্ঠিত করেছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ন্যক্কারজনকভাবে একটি রাজনৈতিক দলের কর্মকর্তাদের মতো উলঙ্গ দলীয় ভূমিকা পালন করে ঢাকা বিশ্ববিদ্যালয় ও এর ছাত্র-শিক্ষক-অভিভাবকদের হেয় করেছে। তারা উল্লেখ করেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার মতো একজন ব্যক্তি কোনভাবেই এই ঐতিহ্যবাহী বিশ্ববিদ্যালয়ের থেকে ডক্টরেট ডিগ্রী পেতে পারেন না। এজন্য তার ন্যূনতম যোগ্যতাও নেই। এর ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ডক্টরেট ডিগ্রীধারীরাও প্রচণ্ডভাবে অপমানিত হবে। সংবাদ সম্মেলনে রেজিস্টার্ড গ্রাজুয়েটদের পক্ষে আনোয়ারুল হক, ইমতিয়াজ আহমদ, সহিদুল ইসলাম, শিরীন সুলতানা, আজিজুল বারী, রফিকুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন। তারা প্রধানমন্ত্রীকে দেয়া ঐ ডক্টরেট ডিগ্রী প্রত্যাহারের আহবান জানান।